# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১১২/১৩৩

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

বিষয়ঃ- রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ মাহবুবুল আলম ছিদ্দিকী কে স্বপদে পুর্নবহালসহ বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব জনাব মাহবুল আলম ছিদ্দিকী বকেয়া বেতন-ভাতাসহ স্বপদে দায়িত্ব পালনের জন্য মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫৫০৮/২০২৬ দায়ের করা হয়েছে। রিট পিটিশনের আলোকে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ১৫.০৪.২০২৬ ইং তারিখের আবেদন নিষ্পত্তি করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। ১৫.০৪.২০২৬ ইং তারিখের আবেদনে দেখা যায়, সাবেক এডহক কমিটির সভাপতি তার প্রতি ধারাবাহিকভাবে ষড়যন্ত্র, হুমকি ও পেশি-শক্তি ব্যবহার করেছেন। যার পরিপ্রেক্ষিতে তিনি সভাপতির বিরুদ্ধে থানায় জিডি করেন। এরই ধারাবাহিকতায় তার প্রাপ্য বেতন-ভাতা জুলাই ২০২৫ ইং তারিখ থেকে অদ্যাবধি নিয়মিতভাবে অনুমোদন না করে ইচ্ছাকৃতভাবে আটকে রাখা হয়েছে, যদিও মাদ্রাসা অধিদপ্তর তার বেতন ভাতাদি নিয়মিতভাবে প্রেরণ করেছে। ২০২৫ সালের ০৫ নভেম্বর সাবেক এডহক কমিটির মেয়াদ শেষ হওয়ার পর মাদ্রাসার প্রশাসনিক কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের তত্ত্বাবধানে পরিচালিত হয়। তারপরও উক্ত সাময়িক বরখাস্তকৃত সুপারের বেতন-ভাতা প্রদান করা হচ্ছে না। পরবর্তীতে ৩০/০৩/২০২৬ ইং তারিখে একটি পত্রের মাধ্যমে অবহিত করা হয় যে, ১৯/১০/২০২৫ ইং তারিখে সাবেক এডহক কমিটি কর্তৃক বিধি-বহির্ভূতভাবে সুপার জনাব মোঃ মাহবুবুল আলম ছিদ্দিকী কে সাময়িক বরখাস্ত করা হয়েছে এবং ২৯/০১/২০২৬ ইং তারিখে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক জনাব নাজিম উদ্দিন কে ভারপ্রাপ্ত সুপার নিয়োগ প্রদান করা হয়েছে। মাদ্রাসার সকল দাপ্তরিক নথিপত্র উক্ত পত্রে ভারপ্রাপ্ত সুপার জনাব নাজিম উদ্দিন এর নিকট হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয় মর্মে আবেদনে উল্লেখ করেন।

NTRCA এর জাল সনদ নিয়ে সহ-সুপার মুহাম্মদ আবু হুরাইরা অত্র মাদ্রাসায় চাকুরি গ্রহণ করায় উক্ত সহ-সুপারের বিরুদ্ধে গত ১৪/০৯/২০২২ তারিখে মামলা করার নির্দেশনা প্রদান করে NTRCA কর্তৃক পত্র প্রেরণ করা হয়। একইসাথে গত ২৬/১২/২০২৩ তারিখ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সহ-সুপারের বেতন-ভাতা স্থগিত করার নির্দেশনাসহ কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে সহ-সুপারের বেতন-ভাতা উত্তোলন স্থগিত ও বন্ধ করা হয়। অভিযুক্ত সহ-সুপারের বিরুদ্ধে মামলা করাসহ বেতন-ভাতা বন্ধ করা নিয়ে মাদ্রাসার সভাপতি ও সুপারের মধ্যে বিরোধ দেখা দেয় মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ মাহবুবুল আলম ছিদ্দিকী কে স্বপদে পুর্নবহালসহ বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৪/৭/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১১২/১৩৩

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, কক্সবাজার;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৪. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া, কক্সবাজার;
৬. জনাব মাহবুল আলম ছিদ্দিকী, সুপার, রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসা, চকরিয়া, কক্সবাজার;
৭. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রণী ব্যাংক লি: ................ শাখা, চকরিয়া, কক্সবাজার;
৮. পি.ও টু চেয়ারম্যান (মহোদয়ের অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৯. অফিস কপি;

১৪/০৭.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

CamScanner